

## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ তোফাজ্জেল হোসেন অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২০ জুলাই, ২০২৩ খ্রি.
সভার সময়	বিকাল ০২.৩০ ঘটিকা
স্থান	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট “ক”


সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং ইনোভেশন টিমের সদস্য সচিবকে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য বলেন। উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেনঃ

### সিদ্ধান্তসমূহঃ

- ১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক [১.১.১] অনুযায়ী “মন্ত্রণালয় / বিভাগ কর্তৃক সেবা / অফিস ব্যবস্থাপনা সহজিকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত” সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য আগামী ২৭-২৮ আগস্ট, ২০২৩ খ্রিঃ তারিখ অথবা সচিব মহোদয়ের সুবিধামত সময়ে সেবা সহজিকরণ সংক্রান্ত ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন।
- ২। কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুসারে “ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা” বাস্তবায়নের জন্য বিগত ২০২২-২৩ অর্থবছরের ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ নিয়মিত হালনাগাদকরণ এবং এ সংক্রান্ত প্রত্যয়ন প্রতি ত্রৈমাসিকের শুরুতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
- ৩। কর্মসম্পাদন সূচক [১.৩.১] অনুসারে “মন্ত্রণালয়/বিভাগসহ আওতাধীন দপ্তর /সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত” বাস্তবায়নের জন্য ২০২৩-২০২৪ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগসমূহ নিয়ে অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর / সংস্থার সমন্বয়ে আগামী ১০ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ অথবা মন্ত্রী মহোদয়ের সুবিধামত সময়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন।
- ৪। কর্মসম্পাদন সূচক [২.১.২] অনুসারে “আওতাধীন দপ্তর /সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ” বাস্তবায়নের জন্য আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসারের স্বাক্ষরে আওতাধীন দপ্তর / সংস্থা প্রধানদের নিকট ডিও লেটার প্রেরণ এবং দপ্তর / সংস্থার প্রধান কার্যালয়, সকল বিভাগীয় ও জেলা অফিসে পত্র প্রেরণ এবং জেলা অফিসকে উপজেলা পর্যায়ের অফিসকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান। মন্ত্রণালয়ের সকল অফিসার কর্তৃক এপিএ সংক্রান্ত পরিদর্শন কার্যক্রমের সময় বাধ্যতামূলকভাবে উক্ত অফিসের ওয়েবসাইট হালনাগাদ আছে কিনা তা নিশ্চিতকরণ এবং পরিদর্শন প্রতিবেদনে তা অন্তর্ভুক্তকরণ।
- ৫। কর্মসম্পাদন সূচক [১.৪.১] অনুসারে “ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত” বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের শতভাগ কার্যক্রম ই-ফাইলিংয়ের মাধ্যমে করার জন্য সকল শাখায় পত্র প্রেরণ। আগামী ২৪, ২৫, ২৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অথবা সচিব মহোদয়ের সুবিধামত সময়ে ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ (০৩ ব্যাচ) আয়োজন করা যেতে পারে।
- ৬। কর্মসম্পাদন সূচক [১.৫.১] অনুসারে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত” বাস্তবায়নের জন্য প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসে কর্মশালা আয়োজন।
- ৭। কর্মসম্পাদন সূচক [১.৫.২] অনুসারে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত” বাস্তবায়নের জন্য আগামী ২০ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ণ।
- ৮। কর্মসম্পাদন সূচক [২.২.৩] অনুসারে “দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন

অনুষ্ঠিত” বাস্তবায়নের জন্য আগামী ৭-১৩ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখে অথবা সচিব মহোদয়ের সুবিধামত সময়ে দেশে / বিদেশে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন।

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ তোফাজ্জেল হোসেন

অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২৩.১৫৫

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০

৩১ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) উপসচিব, মনিটরিং-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) সিনিয়র সহকারী সচিব, মৎস্য পরিকল্পনা-৩ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট